

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৪৮

৭. শিকার অধ্যায় (کتاب الصید)

পরিচ্ছেদঃ ৫. ফড়িং (পঙ্গপাল) খাওয়া প্রসঙ্গে

بَابِ فِي أَكْلِ الْجَرَادِ

## আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ عَنْ سُفْيَانَ عَنْ أَبِي يَعْفُورٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي أَوْفَى قَالَ غَزَوْنَا مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سَبْعَ غَزَوَاتٍ نَأْكُلُ الْجَرَادَ

## বাংলা

২০৪৮. ইবনু আবূ আওফা রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত। তিনি বলেনঃ আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে সাতটি যুদ্ধে অংশগ্রহণ করেছি। আমরা (তাঁর সঙ্গে) ফড়িংও খেয়েছি।[1]

## ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ । এটি বুখারী ও মুসিলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: আহমাদ ৪/৩৫৩, ৩৮০; বুখারী, যাবাইহ ওয়াস সাইদ নং ৫৪৯৫; মুসলিম, সাইদ ওয়ায যাবাইহ ১৯৫২; তিরমিযী, আত'আমাহ ১৮২২, ১৮২৩; আবী দাউদ, আত'আমাহ ৩৮১২; নাসাঈ, সাইদ ওয়ায যাবাইহ ৭/২১০।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৫২৫৭ ও মুসনাদুল হুমাইদী নং ৭৩০ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আবু আওফা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন